

অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের প্রথম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

আতিকুর রহমান ॥ অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে গত ১৭ই মে সিডনীর ম্যাকুয়্যারী ফিল্ড কমিউনিটি হলে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। গত বৎসর এপ্রিলে সংগঠনটি পূর্ণাঙ্গরূপে আত্মপ্রকাশ হওয়ার পর এবারই প্রথম সাধারণ সভা অনুষ্ঠিত হল। আত্মপ্রকাশ করার পর লাইলাতুল কদর, শ'বে মেরাজ, ঈদুল ফিতর ও ঈদুল আজহার জামাত, কুরবানীর ব্যবস্থা, ঈদে মিলাদুন্নবী সহ বিভিন্ন ইসলামিক প্রোগামগুলি অত্যন্ত গুরুত্বসহকারে পালন করে। ফলে অতি অল্প সময়ে অত্র এলাকায় বসবাসরত বাংলাদেশী কমিউনিটির মধ্যে ব্যাপক সাড়া দিতে পেরেছে। বার্ষিক সাধারণ সভার সভাপতিত্ব করেন সেফটন মসজিদের প্রাক্তন ইসলামিক এডভাইজার, পেশ ইমাম এবং বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ এবং সংগঠনের সভাপতি ড. আবু ওমর ফারুক আহমদ। সুচারুভাবে সভার পরিচালনার দায়িত্ব পালন করেন সাধারণ সম্পাদক ড: আনিছুল আফছার। স্বাগত বক্তব্যে সভাপতি ড. আবু ওমর ফারুক আহমদ সংগঠনের বিভিন্ন সাফল্যের কথা এবং ভবিষ্যতে কিভাবে বৃহত্তর ক্যাম্পেলটাউন এলাকায় একটি মসজিদসহ পূর্ণস্তুপ কমপ্লেক্স সেন্টার প্রতিষ্ঠার গুরুত্ব ব্যাখ্যা করেন। ড: আনিছুল আফছার বিগত বৎসরের পালিত বিভিন্ন কর্মসূচী উপস্থিতি সদস্য/সদস্যাদের নিকট উপস্থাপনা করেন। এত অল্প সময়ে ইসলামিক কর্মসূচী পালনে সহায়তার জন্য সকলকে ধন্যবাদ এবং ভবিষ্যতে আরও সহযোগিতা কামনা করেন। সংগঠনের কোষাধাক্ষ্য ড. আবুল কাশেম গত বৎসরের আর্থিক বিবরণী পেশ করেন। তিনি জানান, বর্তমানে সংগঠনের আর্থিক সদস্য সংখ্যা হল ২৩১ জন, এর মধ্যে লাইফ মেম্বার হচ্ছে ১৬ জন। সংগঠনের প্রস্তাৱিত কমপ্লেক্স সেন্টারের রূপরেখা এবং আর্থিক ব্যয় প্রজেক্টের মাধ্যমে সুন্দরভাবে উপস্থাপন করেন সংগঠনের সাধারণ সম্পাদক ড. আনিছুল আফছার। তিনি জানান, বৃহত্তর ক্যাম্পেলটাউন এলাকায় বিশেষ করে ইঙ্গেলবার্গ এবং হোলসওয়ার্ডের মধ্যবর্তী কোন স্থানে এ কমপ্লেক্স তৈরী করা হবে। মাল্টি পারপোস হল, ডেইলি নামাজের রূম, মহিলাদের জন্য আলাদা নামাজ ও বিভিন্ন কাজের রূম, অত্যাধুনিক ইসলামিক লাইব্রেরী এবং এর সাথে কম্পিউটার রিসোৰ্স সেন্টার, আল কুরআন শিক্ষার স্থান এবং কমিউনিটি কাউন্সিল সেন্টার, ফিউনারেল সার্ভিসেস, স্পোর্টস সেন্টার এবং জিমনেসিয়াম, কার পার্ক ও গার্ডেন সম্বলিত কমপ্লেক্সটি তৈরী করা হবে বিভিন্ন ধাপে ধাপে। তা সম্পূর্ণ নির্ভর করবে অর্থ সংগ্রহের উপর। তিনি ধাপে তৈরী এ কমপ্লেক্স সেন্টারের ব্যয় ধরা হয়েছে A\$ 3,530,000। আর্থিক বিবরণী পেশ করার পর সংগঠনের সংবিধানের বিভিন্ন ধারা সংশোধনের জন্য অনুরোধ করেন সহ সভাপতি ড. মোশারফ চৌধুরী। উপস্থিতি সদস্যরা কমপ্লেক্স সেন্টার সম্পর্কে বিভিন্ন প্রশ্ন করেন এবং এ সম্পর্কে মূল্যবান মতামত রাখেন। ক্যাম্পেলটাউন ইসলামিক ফোরামের আখতার হোসেন বাদল, জনাব আলাউদ্দিন, বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার সভাপতি আবদুল জলিল, বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার অধীনস্থ বাংলা স্কুলের প্রাক্তন সভাপতি মোতাহার হোসেন, ক্যাম্পেলটাউন বাংলা স্কুলের সহ সভাপতি মাসুদ চৌধুরী, প্রাক্তন ছাত্রনেতা আবুল হোসেন সরকার সহ অনেকে প্রশ্নাওর পর্বে অংশগ্রহণ করেন। এ ছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন ক্যাম্পেলটাউন বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটির ইকবাল ফারুক, মো. জাকারিয়া, মাইনুল ইসলাম চৌধুরী, মো. মহিউদ্দিন সহ প্রমুখ। বর্তমান ও নতুন প্রজন্মদের জন্য অত্যাধুনিক এ কমপ্লেক্স তৈরীর জন্য কমিউনিটির বিভিন্ন স্তর থেকে আন্তরিক সহযোগিতা ও সাহায্য কামনা করেছেন সভাপতি ড. আবু ওমর ফারুক আহমদ ও সাধারণ সম্পাদক ড. আনিছুল আফছার। মাগরিবের নামাজের পর এ প্রকল্পের সাফল্য কামনা করে বিশেষ দোয়া পরিচালনা করেন সভাপতি ড. ফারুক আহমদ। সবশেষে সৌজন্যমূলক হালকা নাস্তার ব্যবস্থা করা হয়। বিপুল সংখ্যক সদস্য/সদস্যা বার্ষিক সাধারণ সভায় উপস্থিতি ছিলেন।



ছবি: প্রশ্নের উত্তর দিচ্ছেন সভাপতি ড. আবু ওমর ফারুক আহমদ



প্রস্তাবিত প্রকল্প প্রজেক্টে ব্যাখ্যা করছেন ড. আনিচুল আফছার



উপস্থিত সদস্যদের একাংশ



সংবিধান সংশোধনের অনুমতি চেয়ে বক্তব্য রাখছেন ড. মোশারফ চৌধুরী